



উচ্চশিক্ষার সুযোগ চাই

বাংলাদেশের শিক্ষাব্যবস্থায় কারিগরি শিক্ষা অনেকটা উপেক্ষিত। কিন্তু বর্তমান সরকারের আন্তরিক প্রচেষ্টায় সমৃদ্ধ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে ডিপ্লোমা প্রকৌশল শিক্ষা ২.৮০% থেকে ২০%-এ উন্নীত করার মহাকর্মসূজন শুরু হয়েছে। যার পরিপ্রেক্ষিতে আগের ২০টির মুল ১১৪টি সরকারিসহ চার শতাধিক বেসরকারি পলিটেকনিক ইন্সিটিউট সারা দেশে প্রতিষ্ঠিত হয়েছে। এইসব প্রতিষ্ঠানে প্রতিবছর ২৮টি টেকনোলজিতে প্রায় জয় লাভ শিক্ষার্থী ভর্তি হচ্ছে। অর্থাৎ এখনো ডিপ্লোমা প্রকৌশল শিক্ষার্থীদের উচ্চশিক্ষার ক্ষেত্র বিস্তৃত হয়নি। ডিপ্লোমা প্রকৌশল শিক্ষার্থীদের জন্য একমাত্র পাবলিক বিশ্ববিদ্যালয়—ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়েও রয়েছে আসন স্বল্পতা ও যুগান্বযোগী বিভাগের অভাব। তাই মেধাবী ডিপ্লোমা প্রকৌশল শিক্ষার্থীদের উচ্চশিক্ষার পথ সুগম করতে একমাত্র এই বিশ্ববিদ্যালয়ে আরো কয়েকটি যুগোপযোগী বিভাগ ও সেইসঙ্গে নতুন কারিগরি বিশ্ববিদ্যালয় স্থাপন এখন সময়ের দাবি। এ ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

মো. জোহাব আলী
শিক্ষার্থী, কুষ্টিয়া পলিটেকনিক ইন্সিটিউট, কুষ্টিয়া